ভোরের কাগজ

139

তারিখ SEP 5 1999
পৃষ্ঠা ২০ কলাম ৪

ঢা. বি. ও রা.বি.র ওপর সমীক্ষা নিয়ে সেমিনার

# সন্ত্রাস দূর করতে ছাত্র সংগঠনগুলোকে রাজনৈতিক দলবিচ্ছিন্ন করতে হবে

**বিশ্ববিদ্যালয় প্রতিবেদক :** বিশ্ববিদ্যালয়ে শিক্ষার মান ও সন্ত্রাসের ওপর আয়োজিত এক সেমিনারের মূল প্রবন্ধে শিক্ষার মান বৃদ্ধি এবং সন্ত্রাস দূর করতে ছাত্র সংগঠনগুলোকে রাজনৈতিক দল থেকে বিচ্ছিন্ন করার সুপারিশ করা হয়েছে। 'কোয়ালিটি অফ এডুকেশন এন্ড ক্যাম্পাস ভায়োলেন্স : কেস স্টাডিজ অফ ঢাকা এন্ড রাজশাহী ইউনিভার্সিটিজ' শীর্ষক গবেষণা কর্মের ওপর গতকাল শনিবার ফ্রেপড মিলনায়তনে এই সেমিনার অনুষ্ঠিত হয়।

সেমিনারে প্রধান অতিথি ছিলেন শিক্ষামন্ত্রী এ এস এইচ কে সাদেক। সেমিনারে প্রবন্ধ পাঠ করেন ড. কাজী খলিকুজ্জামান আহমদ। প্রধান আলোচক ছিলেন অধ্যাপক জিল্লুর রহমান সিদ্দিকী। আরো বক্তব্য রাখেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক এ কে আজাদ চৌধুরী, রাজশাহী বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক সাইদুর রহমান, অধ্যাপক কাজী সালেহ আহমেদ ও অধ্যাপক মোহাম্মদ ফেরদাউস খান। সভাপতিত্ব করেন অধ্যাপক শামসুল হক।

ড. খলিকুজ্জামান তার প্রবন্ধে বলেন, গত ৩ বছরে ঢাকা এবং রাজশাহী উভয় বিশ্ববিদ্যালয়ে সন্ত্রাস কমেছে। তবে বিশ্ববিদ্যালয় শিক্ষার ক্ষেত্রে একটি বড়ো সমস্যা সেশনজট। সেশনজট দূর করতে নির্দিষ্ট সময়ে ক্লাস পরীক্ষা নেওয়া, দ্রুত ফল প্রকাশ এবং পরীক্ষার তারিখ পরিবর্তন না করার সুপারিশ করা হয়েছে। শিক্ষকরা যেন নির্দিষ্ট সময়ে পরীক্ষার খাতা দেখা শেষ করেন সে জন্য নির্দিষ্ট হারে জরিমানার ব্যবস্থা করার কথা বলা হয়।

ক্যাম্পাস থেকে সন্ত্রাস দূর করতে ছাত্র সংগঠনগুলোকে রাজনৈতিক দল থেকে পৃথক করা, শিক্ষকদের সরাসরি রাজনৈতিক দলের সঙ্গে সম্পৃক্ততা বন্ধ করা, বিশ্ববিদ্যালয় প্রশাসন ও সরকারের কার্যকর ভূমিকার কথা বলা হয়। প্রবন্ধে বলা হয়, বিশ্ববিদ্যালয় প্রশাসনও সন্ত্রাসীদের কাছে জিম্মি থাকে।

শিক্ষামন্ত্রী বলেন, সরকারের কার্যকর পদক্ষেপের কারণে বিশ্ববিদ্যালয়গুলো থেকে সন্ত্রাস উল্লেখযোগ্যহারে হ্রাস পেয়েছে। এ ব্যাপারে সরকার সফল। তিনি বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন ক্ষেত্রে সাধারণ মানুষের অংশগ্রহণের সুযোগ সৃষ্টি করার আহ্বান জানান। তিনি বলেন, শিক্ষার মান বৃদ্ধি এবং উচ্চ শিক্ষার সুযোগ সৃষ্টি করতে দেশের বিভিন্ন অঞ্চলে ১২টি বিশ্ববিদ্যালয় স্থাপনের পরিকল্পনা করেছে।